# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
# (পেট্রোবাংলা)

## পেট্রোবাংলা ইন্টার্নশিপ নীতিমালা-২০২০

জানুয়ারি, ২০২০

**বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)**

**"পেট্রোবাংলা ইন্টার্নশিপ নীতিমালা, ২০২০"**

সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও ইনস্টিটিউট-এ অধ্যায়নরত ছাত্র/ছাত্রীদের এবং বিদেশে অধ্যয়নরত আগ্রহী প্রবাসী বাংলাদেশী ছাত্র/ছাত্রীদের-কে পেট্রোবাংলায় ইন্টার্নশিপ করার অনুমতি প্রদানের উদ্দেশ্যে পেট্রোবাংলা পরিচালনা বোর্ডের ২৯-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত ৫২২তম সভায় অনুমোদিত পেট্রোবাংলার জন্য প্রণীত ইন্টার্নশিপ নীতিমালা:

১। **শিরোনাম:**

এই নীতিমালা পেট্রোবাংলা "পেট্রোবাংলা ইন্টার্নশিপ নীতিমালা, ২০২০" নামে অভিহিত হবে। পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের জন্য ইহা প্রযোজ্য হবে।

২। **সংজ্ঞা:**

ক) পেট্রোবাংলা: পেট্রোবাংলা বলতে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন'কে বুঝাবে।

খ) পরিদপ্তর: পরিদপ্তর বলতে পেট্রোবাংলার পরিদপ্তরসমূহকে বুঝাবে।

গ) কোম্পানি: কোম্পানি বলতে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহকে বুঝাবে।

ঘ) কর্তৃপক্ষ: কর্তৃপক্ষ বলতে পেট্রোবাংলা কর্তৃপক্ষকে বুঝাবে।

ঙ) শিক্ষা প্রতিষ্ঠান: শিক্ষা প্রতিষ্ঠান বলতে সরকারি এবং সরকার অনুমোদিত দেশি ও বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

চ) ইন্টার্নশিপ: অনুমোদিত শিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণকে ইন্টার্নশিপ বুঝাবে।

ছ) শিক্ষার্থী: দেশে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীসহ বিদেশে অধ্যয়নরত প্রবাসী বাংলাদেশি ছাত্র/ছাত্রীকে বুঝাবে।

জ) সুপারভাইজার: মনোনীয় শিক্ষার্থীবৃন্দের ইন্টার্নশিপ কার্যক্রম তত্ত্বাবধানের জন্য কর্তৃপক্ষের অনুমোদনানুযায়ী পেট্রোবাংলা/কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তাকে বুঝাবে।

৩। **উদ্দেশ্য এবং লক্ষ্য:**

৩.১। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে শিক্ষার্থীদের পেট্রোবাংলা ও কোম্পানিতে তাদের ইন্টার্নশিপ প্রোগ্রামের মাধ্যমে সুযোগ প্রদান করা।

৩.২। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত শিক্ষার্থীদের হাতে কলমে শিক্ষা গ্রহণ ও বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান স্বল্প মেয়াদী ইন্টার্নশিপ ব্যবস্থাপনার জন্য প্রস্তাব/আবেদন প্রেরণ করে থাকে। এ নীতিমালার অধীনে এ সকল প্রস্তাব/আবেদন মূল্যায়ন ও বাস্তবায়ন করা।

৩.৩। পেট্রোবাংলা ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে শিক্ষার্থীর ধারণা লাভ এবং শিক্ষার্থীর একাডেমিক জ্ঞানের সাথে বাস্তবভিত্তিক জ্ঞানের সমন্বয় করা।

৩.৪। পেট্রোবাংলা ও কোম্পানির সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলা।

৪। **নীতিমালা**:

শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ইন্টার্নশিপ প্রস্তাব অনুমোদন করার লক্ষ্যে ইন্টার্নশিপ নীতিমালা প্রণয়নের আবশ্যকতা দেখা দিয়েছে। সরকার/পেট্রোবাংলা অনুমোদিত সংশ্লিষ্ট সকল বিধি-বিধান (চাকরি বিধান, প্রশিক্ষণ নীতিমালা) অনুসরণে ইন্টার্নশিপের জন্য নিম্নলিখিত নীতিমালা অনুসৃত হবে:

৪.১। আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের প্রতিষ্ঠানে অধ্যায়নরত শিক্ষার্থীদের ইন্টার্নশিপের জন্য কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর আবেদন করতে হবে। বিভাগীয় প্রধানের মাধ্যমে দাখিলকৃত আবেদনপত্রে শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষার্থীর নাম, ইন্টার্নশিপ গ্রহণের বিষয় ও উদ্দেশ্য, প্রয়োজনীয় প্রেক্ষাপট, ইন্টার্নশিপের মেয়াদকাল ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪.২। ইন্টার্নশিপের বিষয় অবশ্যই পেট্রোবাংলা/কোম্পানির কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে; অন্যথায় ইন্টার্নশিপের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৪.৩। ইন্টার্নশিপ প্রদানের সংখ্যা পেট্রোবাংলা নির্ধারণ করবে।

৪.৪। ইন্টার্নশিপের আবেদন প্রাপ্তির পর পেট্রোবাংলার প্রশাসন বিভাগ তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামতসহ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে। কর্তৃপক্ষীয় অনুমোদন লাভের পর প্রশাসন বিভাগ ইন্টার্নশিপ শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট পরিদপ্তর/সংশ্লিষ্ট কোম্পানিতে প্রেরণ করবে। ইন্টার্নশিপের জন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান সরাসরি কোন কোম্পানিতে আবেদন করলে সংশ্লিষ্ট কোম্পানি অনুমোদনের জন্য তা পেট্রোবাংলার চেয়ারম্যান এর দপ্তরে প্রেরণ করবে এবং প্রশাসন বিভাগ সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪.৫। বাংলাদেশের তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী ইন্টার্নশিপের বিষয়ের সঙ্গে সরকার/পেট্রোবাংলা/কোম্পানির অপ্রকাশযোগ্য কোন প্রকার বিষয় সম্পৃক্ত থাকলে তা বিবেচনার অযোগ্য হবে।

৪.৬। ইন্টার্নশিপের মেয়াদকাল হবে ০১(এক) মাস হতে সর্বোচ্চ ০৩(তিন) মাস।

৪.৭। ইন্টার্নশিপ অনুমোদন প্রাপ্ত শিক্ষার্থীগণ ইন্টার্নশিপ সমাপনান্তে তার সুপারভাইজারের মাধ্যমে অর্জিত/লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতার সমন্বয়ে প্রস্তুতকৃত প্রতিবেদনের ০২(দুই) কপি পেট্রোবাংলার প্রশাসন বিভাগে দাখিল করবে।

৪.৮। সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্নকারী শিক্ষার্থীকে পেট্রোবাংলা/কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/শাখা হতে সমাপনী সনদপত্র (Certificate of Completion) প্রদান করা হবে।

৪.৯। ইন্টার্নশিপে অর্জিত/লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতার সমন্বয়ে প্রস্তুতকৃত প্রতিবেদন বা উহার অংশ বিশেষ পেট্রোবাংলা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন প্রকার প্রকাশ মাধ্যমে (দেশি বা বিদেশি পত্রিকা, জার্নাল, ইন্টারনেট ইত্যাদি) প্রকাশ করা যাবে না।

৪.১০। ইন্টার্নশিপ চলাকালীন কিংবা ইন্টার্নশিপ শেষে শিক্ষার্থীগণ পেট্রোবাংলা/কোম্পানিতে চাকরির দাবী করতে পারবেন না এবং পেট্রোবাংলা/কোম্পানি ইন্টার্নশিপ শিক্ষার্থীদেরকে পেট্রোবাংলা/কোম্পানিতে চাকরি প্রদানের কোন প্রকার নিশ্চয়তা বা প্রতিশ্রুতি প্রদান করবে না।

৪.১১। ইন্টার্নশিপ চলাকালীন শিক্ষার্থীগণকে সকল প্রকার গোপনীয়তা, শান্তি, শৃঙ্খলা ও সুস্থ পরিবেশ বজায় রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে। এ সময়ে শিক্ষার্থী কর্তৃক কোন প্রকার অপরাধ/অনিয়ম সংঘটিত/পরিলক্ষিত হলে ইন্টার্নশিপ বাতিল অথবা সাময়িকভাবে স্থগিত করা যাবে।

৪.১২। ইন্টার্নশিপের জন্য আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীবৃন্দকে এ নীতিমালার শর্তসমূহ অনুসরণ করতে হবে এবং যেকোন প্রকার তথ্য-উপাত্ত ব্যবহারের ক্ষেত্রে “Confidentiality and Safety Bond” যথাযথভাবে স্বাক্ষর ও দাখিলপূর্বক অঙ্গীকারনামা/মুচলেকা দিতে হবে। “Confidentiality and Safety Bond” এর নমুনা সংযোজনী-১ এ প্রদর্শিত হল।

৪.১৩। ইন্টার্নশিপ আবেদনের জন্য কোন প্রকার ফিস/চার্জ প্রযোজ্য হবে না। ইন্টার্নশিপ গ্রহণের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রত্যেক শিক্ষার্থীকে ইন্টার্নশিপ সম্পন্ন করার জন্য ইন্টার্নশিপ সমাপনান্তে পেট্রোবাংলা/সংশ্লিষ্ট কোম্পানি হতে মাসিক ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা হারে ভাতা প্রদান করা হবে। কোন মাসে যদি আংশিক কাজ করে থাকেন তবে সেক্ষেত্রে আনুপাতিক হারে ভাতা প্রদেয় হবে। কোন শিক্ষার্থী ইন্টার্নশিপের মেয়াদ সমাপ্ত না করলে কোন ভাতা প্রাপ্য হবেন না। মাসিক ভাতা ব্যতীত ইন্টার্নশিপের জন্য আর কোন ধরণের ব্যয় পেট্রোবাংলা/কোম্পানি কর্তৃক বহন করা হবে না।

৪.১৪। ইন্টার্নশিপ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে, পেট্রোবাংলার সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.১৫। পেট্রোবাংলা কর্তৃপক্ষ এ নীতিমালা প্রয়োজনে সংশোধন, পরিবর্তন এবং পরিবর্ধন করতে পারবে।

৪.১৬। এ নীতিমালার লক্ষ্য এবং উদ্দেশ্য পূরণকল্পে পেট্রোবাংলা প্রয়োজনীয় নির্দেশ/আদেশ জারি করতে পারবে।

৫। **বাস্তবায়নঃ**

৫.১। পেট্রোবাংলা কর্তৃক ইন্টার্নশিপ অনুমোদিত হলে পেট্রোবাংলার প্রশাসন বিভাগ তা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট পরিদপ্তর/সংশ্লিষ্ট কোম্পানিতে প্রেরণ করবে।

৫.২। ইন্টার্নশিপ কার্যক্রম পেট্রোবাংলা/কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/শাখার ব্যবস্থাপক এবং তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তার তত্ত্বাবধানে পরিচালিত হবে।

# CONFIDENTIALITY AND SAFETY BOND

*(To be furnished on University pad)*

Chairman
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)
Petrocentre
3, Kawran Bazar C/A
Dhaka-1215
Bangladesh
Fax: 880-2-9120224

The undersigned, on behalf of ***Name of Department, Name of University, Dhaka-Post code,*** agree to the statement of confidentiality and safety for the data, documents will be received and used by us from Petrobangla and/or its' subsidiaries as signed below: (The list of items is attached herewith)

## Confidentiality and guaranty for safety

***The Name of Department of Name of University*** shall maintain the confidentiality and secrecy of all the relevant data that will be provided for our Internship or thesis work (as per the attached list). We shall not permit any person, other than a duly authorized representative of our department ***(Name of Department, Name of University),*** to use or to have access to such data and shall keep all information on such data strictly confidential and shall neither divulge any such information to any third party nor permit our students, officers, employees, or agents to do so without express written authorization from PETROBANGLA.

We further guaranty the safety and proper return of the original data/documents received by us as above within (15) days. We undertake that we shall bear full acquisition cost in case of any loss or damage to the original data/documents during transshipment and copying or failing to return the data/documents to Petrobangla as listed.

Signed by the authorized representative of the University

Sign :
Student's Name :
ID/Reg. No. : Year:

Dept. & University :
Date :